

মুক্তমন ও মুক্তমনা

১

মুক্তমনা ওয়েবসাইটের সাথে আমার পরিচয় মাত্র কয়েকমাস আগে। ডিসেম্বরে ঢাকায় গিয়ে বাংলাভাষায় বিজ্ঞানের বই খুঁজতে খুঁজতে আজিজ সুপার মার্কেটের প্যাপিরাস থেকে পেলাম অভিজিৎ রায়ের “আলো হাতে চলিয়াছে আঁধারের যাত্রী”। অভিজিৎ রায়ের কয়েকটি ছোট লেখা পড়েছিলাম এর আগে, যায় যায় দিনে। এবার তাঁর পূর্ণাঙ্গ একটি বই হাতে পেয়ে বুঝতে পারলাম কী পরিশ্রমই না তিনি করেছেন বইটি লেখার জন্য। বইটির ভূমিকা থেকেই পেয়েছি মুক্তমনা ওয়েবসাইটের ঠিকানা।

২

মুক্তমনা ওয়েবসাইটে গিয়ে মনে হলো - ঠিক এরকম একটি পরিবেশের জন্যই আমি অপেক্ষা করছিলাম অনেকদিন থেকে। ভারতীয় বিজ্ঞান ও যুক্তিবাদী সমিতির প্রবীর ঘোষের লেখার সাথে আমার পরিচয় অনেকদিন - সেই ১৯৯০ থেকে। বাংলাদেশে এরকম একটি যুক্তিবাদী আন্দোলনের দরকার ছিলো - কিন্তু আমাদের সামাজিক অসহিষ্ণু পরিবেশের কারণে তা খুবই একটি কঠিন কাজ। সীমিত পরিসরে হলেও বাংলাদেশে গড়ে উঠেছে বিজ্ঞান চেতনা পরিষদ এবং আরো কিছু কার্যক্রম। মুক্তমনা আন্দোলন যদিও এখনো অনলাইন ভিত্তিক, কিন্তু অচিরেই যে তা সামগ্রিক আকার ধারণ করবে তাতে কোন সন্দেহ নেই।

৩

মুক্তমনা ওয়েব সাইটে প্রকাশিত লেখাগুলো পড়তে শুরু করেছি সম্প্রতি। শুরুতেই অভিজিৎ রায়ের “মুক্ত-মনা কি? (What Is A Freethinker?)” সম্পর্কে কয়েকটি মন্তব্য করতে চাচ্ছি। সংজ্ঞা ও ব্যাখ্যা চমৎকার। তবে -

(ক) মুক্ত-মনা কি? বাক্যটি সঠিক অর্থ প্রকাশ করছে না এখানে। কি এবং কী দুটো ভিন্ন অর্থ প্রকাশ করে। মুক্ত-মনা কি? - মানে জানতে চাওয়া হচ্ছে মুক্ত-মনা কিনা। আর বাক্যটি যদি হয় - মুক্তমনা কী? - তাহলে মনে হয় সঠিক অর্থ প্রকাশ করে, অর্থাৎ মুক্তমনার সংজ্ঞা জানতে চাওয়া হয়। আমার মনে হয় মুক্ত-মনা না লিখে মুক্তমনা লিখলেই চলে, হাইফেনের দরকার নেই।

(খ) What Is A Freethinker? বাক্যটি মনে হয় এখানে যথোপযুক্ত নয়। মুক্তমনা মানুষই যেহেতু আমাদের মূল বিষয় - সেহেতু মনে হয় বাক্যটি হওয়া উচিত Who Are Freethinkers?

৪

বাংলায় ন ও ণ নিয়ে আমরা খুব সমস্যায় পড়ি। কয়েকটি শব্দের বানানে এ সমস্যা রয়ে গেছে, তবে তাতে তেমন কোন অসুবিধা নেই। কিন্তু লেখকের নাম অভিজিৎ রায়ের বদলে অভিজ্ঞ রায় হলে তা গ্রহণযোগ্য নয় (আমি ইতোমধ্যেই অভিজিৎ রায়ের লেখা ভালোবেসে ফেলেছি, সুতরাং তাঁর নামে ভুল সহ্য না হওয়াই স্বাভাবিক। হাঃ হাঃ হাঃ, মুক্তমনে মজা করলাম।)।

প্রদীপ দেব

২১/৩/২০০৬

ব্রিসবেন, অস্ট্রেলিয়া

pkd@ph.unimelb.edu.au